



নির্বাচন কমিশন
জাতীয় ঘনুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৮

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

অধ্যাদেশ নম্বর-৬৭ (মু: ও প্র:)- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি ১০ অগ্রহায়ণ ১৪৩২/২৫ নভেম্বর ২০২৫ তারিখে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ২০২৫ এর উপর গণভোট অধ্যাদেশ জারি করিয়াছেন।

গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১১ অনুসারে, উক্ত অধ্যাদেশ এর ধারা ০৩ অনুযায়ী জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫-এ বর্ণিত সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবের উপর জনগণের সম্মতি রহিয়াছে কি না তাহা যাচাইয়ের জন্য (হ্যাঁ/না এর মাধ্যমে) গণভোট অধ্যাদেশ এর ধারা ৮ মোতাবেক নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য, নির্ধারিত পদ্ধতিতে, একই দিনে, পৃথক ব্যালট পেপারের মাধ্যমে গণভোট অনুষ্ঠানের জন্য আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার ধার্য করিতেছে:

প্রস্তাব সমূহঃ

(ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে।


(খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হইবে।

(গ) সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল হইতে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফসিলে বর্ণিত যে ৩০টি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে- সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকিবে।

(ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

গণভোট অনুষ্ঠানের সময় সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে জাতীয় সংসদের জন্য নির্ধারিত পদ্ধতিতে গণভোটের জন্য পৃথক ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে গণভোটে ভোটপ্রদানের জন্য আহ্বান করিতেছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,


(আখতার আহমেদ)
সিনিয়র সচিব

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, পুট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট

ও

সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
www.fenchuganj.sylhet.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৯১৩৫.০০০.১৬.০০১.২৫.০২

তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫

পত্রের মর্মানুসারে প্রজ্ঞাপনটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Azina
(আজিজুন্নাহার)

উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট

ও

সহকারী রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬
মোবাইল: ০১৭৩০-৩৩১০৩৪

- ১। সহকারী কমিশনার (ভূমি), ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ২। অফিসার ইনচার্জ, ফেঞ্চুগঞ্জ থানা, সিলেট।
- ৩। উপজেলা-----কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধসহ)
- ৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৬। সুপার, ইসলামিক ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট। (বিজ্ঞপ্তি ইমামদের মাধ্যমে
বহল প্রচারের অনুরোধসহ)
- ৭। চেয়ারম্যান (সকল)-----ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট। (ইউপি নোটিশবোর্ডে
টাঙ্কানোসহ মাইকিং এর মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
- ৮। সভাপতি/সম্পাদক, ফেঞ্চুগঞ্জ প্রেসক্লাব।
- ৯। অধ্যক্ষ,-----কলেজ/মাদ্রাসা, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ১০। নোটিশ বোর্ড, অগ্রাফিস।

স্মারক নং: ০৫.৪৬.৯১৩৫.০০০.১৬.০০১.২৫.০২

তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিলেট ও রিটার্নিং অফিসার, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬

Azina
১১/১২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট

ও

সহকারী রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬